# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়: অবিশ্বাস ও বিভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. ৪. ১. যিনি একমাত্র রাবব তিনিই একমাত্র ইলাহ

রুবূবিয়্যাত যেহেতু একমাত্র আল্লাহর সেহেতু অন্যের ইবাদত একেবারেই অযৌক্তিক। যার মধ্যে চূড়ান্ত রুবূবিয়্যাতের বা প্রতিপালন, সংহার, সংরক্ষণ ইত্যাদির ক্ষমতা নেই তার নিকট চূড়ান্ত ভক্তি বা বিনয় প্রকাশের মত পাগলামি আর কি হতে পারে। আমরা কুরআনের এ বিষয়ক কিছু যুক্তি ও আলোচনা ইতোপূর্বে দেখেছি।

মুশরিকদের সকল উপাস্যের ক্ষেত্রেই এ বিষয়টি সমভাবে প্রযোজ্য। মুর্তি, প্রতিমা, ফিরিশতা, নবী, ওলী, জিন্ন বা অন্য সকলের ক্ষেত্রেই মুশরিকগণ একবাক্যে স্বীকার করত যে, এরা কেউ স্রষ্টা নন, একটি মাছিও এদের কেউ সৃষ্টি করেননি এবং সৃষ্টি ও প্রতিপালনের একক ক্ষমতা আল্লাহরই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13729

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন